শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।।
কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ অমৃতোদ্ভবং শ্রীযুক্তং মহাদেবপ্রিয়ঃ সদা। পবিত্রন্তে প্রযচ্ছামি শ্রীফলীয়ং সুরেশ্বরি।।

অঙ্গুষ্ঠ-তর্জন্যগ্রযোগে অর্পন করিবে- এতানি সচন্দনবিল্বপত্রাণি ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ বৌষট্।।
পুষ্পমাল্য—পুষ্পমাল্য আধারোপরি স্থাপন করিয়া তিনবার প্রোক্ষণ করিবে- বং এতস্মৈ পুষ্পমাল্যায় নমঃ। অতঃপর অর্চনা করিবে-
পুষ্পমাল্যে—এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ পুষ্পমাল্যায় নমঃ।
শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।।
কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ সুগন্ধি পুষ্পশ্রেষ্ঠঞ্চ পারিজাত তরুদ্ভবং। মালত্যাদি পুষ্পমাল্যং গৃহ্যতাং জগদম্বিকে।।

উৎসর্গ করিবে- ইদং পুষ্পমাল্যং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।।
ধূপঃ- প্রজ্বলিত ধূপ বামদিকে আধারোপরি স্থাপন করিয়া প্রোক্ষণ করিবে- বং এতস্মৈ প্রজ্বলিতধূপায় নমঃ। অর্চনা করিবে-
ধূপে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ প্রজ্বলিতধূপায় নমঃ।
শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।।
কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ তরুনির্যাসচূর্ণঞ্চ গন্ধবস্তু সমন্বিতম্। হুতাশনশিখা শুদ্ধং ধূপঞ্চ দেবি গৃহ্যতাম্।।

ঘন্টাবাদনকরতঃ দেবী-র নাসিকা পর্যন্ত ধূপ উত্তোলন করিয়া তিনবার নীরাজন করিবে-
ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে দণ্ডিকায়ৈ ধীমহি তন্নশ্চণ্ডি প্রচোদয়াৎ ওঁ।। এষ ধূপঃ ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।।
দীপঃ- প্রজ্বলিত দীপ বামদিকে স্থাপন করিয়া বারত্রয় প্রোক্ষণ করিবে- বং এতস্মৈ প্রজ্বলিতদীপায় নমঃ। অর্চনা করিবে-
দীপে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ প্রজ্বলিতদীপায় নমঃ।
শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।।
কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্বস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরঃ জ্যোতির্দীপোহয়ং প্রগৃহ্যতাম্।।

ঘন্টাবাদনকরতঃ দেবী-র নেত্র পর্যন্ত ধূপ উত্তোলন করিয়া তিনবার নীরাজন করিবে-

ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে দণ্ডিকায়ৈ ধীমহি তন্নশ্চণ্ডি প্রচোদয়াৎ ওঁ।। এষ দীপঃ ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।।

নেত্রাঞ্জন—আধারোপরি নেত্রাঞ্জন স্থাপন করিয়া বারত্রয় প্রোক্ষণ করিবে-বং এতস্মৈ নেত্রাঞ্জনায় নমঃ। অর্চনা করিবে-

নেত্রাঞ্জনে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ নেত্রাঞ্জনায় নমঃ

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।।

কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ নমস্তে সর্বদেবেশে নমস্তে শঙ্করপ্রিয়ে। চক্ষুষামঞ্জনং হৃদ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্।।

উৎসর্গ করিবে- ইদং নেত্রাঞ্জনং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।।

নৈবেদ্যঃ- বামদিকে আধারোপরি নৈবেদ্য প্রোক্ষণ করিবে- বং এতস্মৈ সোপকরণনৈবেদ্যায় নমঃ। অর্চনা করিবে-

নৈবেদ্যে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ সোপকরণনৈবেদ্যায় নমঃ।

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।।

"ফট্" মন্ত্রে বারত্রয় প্রোক্ষণ, "ওঁ সুপ্রোক্ষিতমস্তু, ওঁ শ্রীবিষ্ণোঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু" মন্ত্রে ত্রিপত্রে-র ছিটা দিয়া, "হুং" মন্ত্রে অবগুণ্ঠন, চক্রমুদ্রায় অভিরক্ষণপূর্বক, "বং" মন্ত্রে ধেনুমুদ্রায় অমৃতীকরণ, "যং" মন্ত্রে দোষসমূহের শোষণ, "রং" মন্ত্রে দোষ সমূহের দহন ভাবনা করিয়া, মৎস্যমুদ্রায় আচ্ছাদনপূর্বক তদুপরি মূলমন্ত্র আটবার জপ করিবে। কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং নানাদ্রব্যসমন্বিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরী।।

অর্ঘ্যজলবিন্দু দ্বারা উৎসর্গ করিবে- (তিনবার) এতৎ সোপকরণনৈবেদ্যং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নিবেদয়ামি।

অতঃপর "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" মন্ত্রে একগণ্ডুষ জল লইয়া ত্যাগ করিবে। বামহাতে গ্রাসমুদ্রা প্রদর্শনপূর্বক দক্ষিণহস্তে প্রাণাদিপঞ্চমুদ্রা প্রদর্শন করিবে- ওঁ প্রাণায় স্বাহা (প্রাণমুদ্রা), ওঁ অপানায় স্বাহা (অপানমুদ্রা), ওঁ ব্যানায় স্বাহা (ব্যানমুদ্রা), ওঁ উদানায় স্বাহা (উদানমুদ্রা), ওঁ সমানায় স্বাহা (সমানমুদ্রা)। দেবী নৈবেদ্য গ্রহণ করিতেছেন এই ভাবনা করিয়া মূলমন্ত্র "হ্রীঁ" যথাশক্তি জপ করিবে। জপসমাপ্ত হইলে পুনরায় জলগণ্ডুষ লইয়া "ওঁ অমৃতপিধানমসি স্বাহা" ত্যাগ করিবে।

পানার্থোদক—শুদ্ধজল বারত্রয় প্রোক্ষণ করিবে- বং এতস্মৈ পানার্থোদকায় নমঃ। অর্চনা করিবে-

পানার্থোদকে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ পানার্থোদকায় নমঃ।

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।।

কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ সুবাসিতং শীততোয়ং কর্পূরাদি বিনির্মিতং। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহ্যতাম্ শৈলকন্যকে।।

উৎসর্গ করিবে- ইদম্ পানার্থোদকং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।

পুনরাচমনীয়—শুদ্ধজল বারত্রয় প্রোক্ষণ করিবে- "বং এতস্মৈ পুনরাচমনীয়োদকায় নমঃ"। অর্চনা করিবে-

পুনরাচমনীয়ে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ পুনরাচমনীয়োদকায় নমঃ।

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।

কৃতাঞ্জলি পাঠ করিবে-

ওঁ অশুচিশুচিতামেতি যৎস্পৃষ্টস্পর্শমাত্রতঃ। অস্মিংস্তে বদনাম্ভোজে পুনরাচমনীয়কম্।।

অতঃপর দেবী মুখোদ্দেশ্যে পুনরাচমনীয় প্রদান করিবে- ইদম্ পুনরাচমনীয়োদকং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ স্বধা।।

তাম্বূল—বারত্রয় প্রোক্ষণ করিবে- বং এতস্মৈ ফলতাম্বূলায় নমঃ। অর্চনা করিবে-

তাম্বূলে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ ফলতাম্বূলায় নমঃ।

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।
কৃতাঞ্জলি পাঠ করিবে-

ওঁ গুবাক পর্ণচূর্ণঞ্চ কর্পূরাদিসুবাসিতম্। সর্বভোগ বরং রম্যং তাম্বূলং দেবি গৃহ্যতাম্।।

উৎসর্গ করিবে- ইদং ফলতাম্বূলং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।
পুষ্পাঞ্জলিঃ- অতঃপর দেবী-কে তিনবার পুষ্পাঞ্জলি দিবে-

ওঁ জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালি কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোহস্তুতে।।

এষ সচন্দনপত্রপুষ্পাঞ্জলিঃ ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।
দেবী-কে প্রণাম করিবে-

ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়নি নমোহস্তুতে।।
প্রণতানাং প্রসীদ ত্বং দেবী বিশ্বার্তিহারিণি। ত্রৈলোক্যবাসীনামীড্যে লোকানাং বরদা ভব।।

আবরণপূজাঃ- অতঃপর গন্ধপুষ্প দ্বারা দেবীর ষড়ঙ্গ ও আবরণ পূজা করিবে-
এতে গন্ধপুষ্পে ওঁ ভগবতিদুর্গাদেবি ষড়ঙ্গদেবতাভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ভগবতিদুর্গাদেবি আবরণদেবতাভ্যো নমঃ।
স্তবপাঠঃ- অনন্তর বিশ্বসারতন্ত্রোক্ত "শ্রীদুর্গাস্তবরাজ" পাঠ করিবে।
মূলমন্ত্রজপঃ- যথাশক্তি মূলমন্ত্র জপপূর্বক দেবী-র অধঃবামহস্তের উদ্দেশ্যে জপ সমর্পন করিবে-

ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রীত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেবী ত্বৎ প্রসাদাৎ সুরেশ্বরী।।

প্রণাম করিবে-

ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়নি নমোহস্তুতে।।

আরাত্রিকঃ- যথাবিধি আরাত্রিক সম্পাদন করিয়া "জয় জয়" উচ্চারণপূর্বক বিশেষার্ঘ্য ঘটোপরি রাখিয়া, দক্ষিণহস্তে একগণ্ডুষ জল লইয়া বলিবে-

ওঁ যৎ কিঞ্চিৎ ক্রিয়তে দেবি ময়া সুকৃতদুষ্কৃতম্। তৎ সর্বং ত্বয়ি সংন্যস্তং ত্বৎ প্রযুক্তঃ করোম্যহম্।।

----------**অতঃ ষষ্ঠ্যাদিকল্পারম্ভঃ সমাপ্তঃ**----------

আদৌ বোধনম্(ষষ্ঠ্যাসায়াহ্নে বিল্ববৃক্ষসমীপং)

আচমন ও বিষ্ণুঃস্মরণঃ--গোকর্নাকৃত দক্ষিণহস্তে মাষমগ্ন জল লইয়া "ওঁ বিষ্ণুঃ" মন্ত্রে তিনবার পান করিবে। অতঃপর হস্তপ্রক্ষালণপূর্বক অঙ্গুষ্ঠমূল দ্বারা অষ্ঠ এবং অধর মার্জনা করিবে। পুনরায় হস্তপ্রক্ষালন করিয়া তর্জনী, মধ্যমা ও অনামাগ্র দ্বারা ওষ্ঠাধর স্পর্শ করিবে। পুনর্বার হস্তপ্রক্ষালনপূর্বক অঙ্গুষ্ঠ-তর্জন্যগ্র দ্বারা নাসিকাদ্বয়, অঙ্গুষ্ঠ-অনামাগ্র দ্বারা অক্ষুদ্বয়, কর্ণদ্বয় ও অঙ্গুষ্ঠ-কনিষ্ঠাগ্র দ্বারা নাভিদেশ স্পর্শ করিবে। পুনরায় হস্তক্ষালন করিয়া করতল দ্বারা হৃদয় ও সর্বাঙ্গুল্যগ্র দ্বারা বাহুমূল ও মস্তক স্পর্শ করিয়া কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

*ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদগুং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।।
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোহপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ।।
ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ।।
ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্। নারায়ণং নমস্কৃত্য সর্বকর্মানি কারয়েৎ।।
ওঁ শঙ্খচক্রধরং বিষ্ণুম্ দ্বিভুজং পীতবাসসম্। প্রারম্ভে কর্মণাং বিপ্রঃ পুন্ডরীকম্ স্মরেদ্ধরিম্।।
ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি। স্মরন্তি সাধবঃ সর্বে সর্বকার্যেষু মাধবম্।।
ওঁ ত্রৈলোক্যপূজিতঃ শ্রীমন্ সদাবিজয়বর্দ্ধন। শান্তিং কুরু গদাপাণে নারায়ণ নমোহস্তুতে।।
ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননম্। বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্।।
ওঁ গং গণেশায় নমঃ। ওঁ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।

ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।।

পাপক্ষয়মন্ত্রাদিঃ- আসনে জলের ছিটা দিয়া পাঠ করিবে- ওঁ বজ্রোদকে হুঁ ফট্ স্বাহা। মন্ত্রপাঠকরতঃ হস্তপ্রক্ষালন করিবে-
ওঁ হ্রীঁ বিশুদ্ধধর্মপাপানি শময়াশেষ বিকল্পমপনয় হুঁ।
করজোড়ে পাঠ করিবে-

ওঁ দেবি ত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম। তন্নিঃসারয় চিত্তান্নে পাপং হুঁ ফট্ চ তে নমঃ।।

গন্ধাদির অর্চনাঃ- "বং এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" মন্ত্রে গন্ধপুষ্পাদি তিনবার কুশ দ্বারা প্রোক্ষণ করিবে। অতঃপর পূজা করিবে-
পুষ্পপাত্রে- এতে গন্ধপুষ্পে ওঁ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ।
শালগ্রামে-এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
তাম্রটাটে-এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ পূজনীয়দেবতাভ্যো নমঃ।
অতঃপর শালগ্রামে বা বাণেশ্বরে পূজা করিবে-
ওঁ ঐঁ এতে গন্ধপুষ্পে শ্রীগুরবে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ গণেশাদিপঞ্চদেবতাভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।

ঘন্টাপূজাঃ- গন্ধপুষ্প দ্বারা সাধার ঘন্টার পূজা করিবে- এতে গন্ধপুষ্পে ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা।

সূর্যার্ঘ্যঃ- কুশীতে জল, আতপতণ্ডুল, সচন্দন রক্তপুষ্প ও দূর্বা লইয়া দুইহস্তে ধারণপূর্বক প্রার্থনা করিবে-

ওঁ এহি সূর্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে। অনুকম্পয় মাং ভক্ত গৃহাণার্ঘ্যং সুরেশ্বরঃ।।
হ্রাং হ্রীঁ সঃ এষোহর্ঘ্যঃ ওঁ শ্রী সূর্যায় নমঃ

করজোড়ে প্রণাম করিবে-

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্।।

স্বস্তিবাচনমঃ- সচন্দন তিনটি আতপচাউল ঘন্টাবাদ্য সহকারে পাঠ করিবে-
ওঁ কর্তব্যেহস্মিন্ শ্রীভগবদ্দুর্গাদেবীবোধনকর্মণি
নিম্নোক্ত মন্ত্রে ছড়াইবে-
ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।
পুনরায় আতপচাউল লইয়া ঘন্টাবাদ্য করিয়া পাঠ করিবে-ওঁ কর্তব্যেহস্মিন্ শ্রীভগবদ্দুর্গাদেবীবোধনকর্মণি
নিম্নোক্ত মন্ত্রে ছড়াইবে
ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্,।
পুনরায় আতপচাউল লইয়া ঘন্টাবাদ্য করিয়া পাঠ করিবে-ওঁ কর্তব্যেহস্মিন্ শ্রীভগবদ্দুর্গাদেবীবোধনকর্মণি
নিম্নোক্ত মন্ত্রে ছড়াইবে
ওঁ পুণ্যাহম্ ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহম্,ওঁ পুণ্যাহম্, ওঁ পুণ্যাহম্।।
পুনরায় আতপচাউল লইয়া ঘন্টাবাদ্যসহকারে পাঠ করতঃ ছড়াইবে-

*ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।।
ওঁ স্বস্তিঃ, ওঁ স্বস্তিঃ, ওঁ স্বস্তিঃ।।

[যদি একই সন্ধ্যায় বোধনামন্ত্রণাধিবাস হয়, তথায় স্বস্তিবাচন পাঠ করিবে-
"ওঁ কর্তব্যেহস্মিন্ শ্রীভগবদ্দুর্গাদেবীবোধনামন্ত্রণাধিবাস কর্মসু.....ইত্যাদি"]
করজোড়ে পাঠ করিবে-

ওঁ সূর্য সোমো যমঃ কালঃ মহাভূতানি পঞ্চ চ। এতে শুভাশুভস্যেহ কর্মণো নব সাক্ষিণঃ।।
*ওঁ তদ্বিষ্ণোঃ পরমং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।।

অতঃপর "ওঁ হূঁ ফট্" মন্ত্রে আত্মদক্ষিণে, বামে, ঊর্ধ্বে ও অধে ক্রোধপূর্ণ দৃষ্টিতে নিরীক্ষণ করিবে।

মূলপূজাসঙ্কল্পঃ- কুশীতে জল, আতপচাউল, কৃষ্ণতিল, হরিতকী, গন্ধ, তুলসী, পুষ্প ও কুশ বামকরতলোপরি রাখিয়া, দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদনপূর্বক বীরাসনে উপবেশনপূর্বক সঙ্কল্প বাক্য পাঠ করিবে-

বিষ্ণুঃ ওঁ তৎ সৎ অদ্য আশ্বিনে মাসি সিংহরাশিস্থে/কন্যারাশিস্থে/তুলারাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে ষষ্ঠ্যাং তিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুকদেবশর্মা শ্রীদুর্গাপ্রীতিকামঃ বার্ষিক শরৎকালীন শ্রীদুর্গামহাপূজাঙ্গভূত বিল্ববৃক্ষাধিকরণক শ্রীভগবদ্দুর্গাদেবী বোধনকর্মাহং করিষ্যে।

[যদি একই সন্ধায় বোধনামন্ত্রণাধিবাস হয়, তথায় সঙ্কল্পবাক্য নিম্নরূপ—

"বিষ্ণুঃ ওঁ তৎ সৎ অদ্য আশ্বিনে মাসি সিংহরাশিস্থে/কন্যারাশিস্থে/তুলারাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে ষষ্ঠ্যাং তিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুকদেবশর্মা শ্রীদুর্গাপ্রীতিকামঃ বার্ষিক শরৎকালীন শ্রীদুর্গামহাপূজাঙ্গভূত বিল্ববৃক্ষাধিকরণক শ্রীভগবদ্দুর্গাদেবী বোধনামন্ত্রণাধিবাসকর্মাণ্যাহং করিষ্যে।]

(পরার্থে- অমুক গোত্রস্য, শ্রী অমুক দেবশর্মণঃ.....করিষ্যামি)

পাত্রস্থজল ঈশানকোণে ফেলিয়া তাম্রটাটে উপুড় করিয়া দিবে। ঘন্টাবাদন করতঃ তদুপরি আতপচাউল ছড়াইবে ও সঙ্কল্পসূক্ত পাঠ করিবে-

*ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং তদু সুপ্তস্য তথৈবৈতি।
দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।।

তদুপরি পুষ্প দিয়া প্রার্থনা করিবে-

ওঁ সঙ্কল্পিতার্থাঃ সিধ্যন্তু সিদ্ধাঃ সন্তু মনোরথাঃ। ভক্তিজ্ঞানোদয়ায় অয়মারম্ভঃ শুভায় ভবতু।।

পঞ্চগব্যশোধনমঃ- কুশদ্বারা নিম্নলিখিত বস্তুগুলি শোধন করিবে-

গোমূত্র- * ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।

গোময়- * ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীগুঁ সর্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্।।

গোদুগ্ধ- * ওঁ আপ্যায়স্ব সমেতু তে, বিশ্বতঃ সোম বৃষ্ণ্যম্। ভবা বাজস্য সঙ্গথে।।

দধি- * ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি ন মুখা করৎ, প্রণ আয়ূগুঁষি তারিষৎ ।।

গব্যঘৃত- *ওঁ তেজোহসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।।

কুশোদক- *ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেহশ্বিনোর্বাহুভ্যাম্ পূষ্ণো হস্তাভ্যামাদদে।।

অতঃপর গায়ত্রীপাঠকরতঃ একত্রিত করিবে ও কুশদ্বারা চতুর্দিকে প্রোক্ষণপূর্বক শোধন করিবে।

সামান্যার্ঘ্য স্থাপনঃ- নিজবামে ভূমিতে জলদ্বারা ত্রিকোণ, তদ্বাহ্যে বৃত্ত ও তদ্বাহ্যে চতুষ্কোণ অঙ্কিত করিয়া পূজা করিবে- ওঁ এতে গন্ধপুষ্পে আধারশক্তিভ্যো নমঃ। "ফট্" মন্ত্রে কোশাপ্রক্ষালন করিবে। "নমঃ" মন্ত্রে কোশাজলপূর্ণ করিয়া "ওঁ" মন্ত্রে কোশাগ্রে অর্ঘ্যস্থাপন করিবে ও "ওঁ" মন্ত্রে জলে বিল্বপত্র, তুলসী, আতপচাউল,গন্ধ-পুষ্পাদি দিয়া অঙ্কুশমুদ্রায় তীর্থাবাহন করিবে- ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরী সরস্বতী। নর্মদে সিন্ধু কাবেরী জলেহস্মিন্ সন্নিধিং কুরু।।

অতঃপর জলে পূজা করিবে-এতে গন্ধপুষ্পে ওঁ তীর্থেভ্যো নমঃ।

জলে "হুঁ" মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন করিয়া "বং" মন্ত্রে ধেনুমুদ্রায় প্রদর্শন করিয়া অমৃতীকরণ ভাবনা করিয়া তদুপরি মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদনপূর্বক "ওঁ" মন্ত্র দশবার জপ করিবে ও কুশত্রিপত্র দ্বারা জল চতুর্দিকে ছড়াইয়া দিবে।

দ্বারপূজাঃ- "ফট্" মন্ত্রে সামান্যার্ঘ্যজল দ্বারা দ্বারদেশ অভ্যুক্ষণ করিয়া দ্বারদেবতাগণের আবাহন করিবে- ওঁ দ্বারদেবতাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহ তিষ্ঠত ইহ তিষ্ঠত, ইহ সন্নিধত্ত ইহ সন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম্ ইহ সন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত।। অতঃপর গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে-

দ্বারোর্দ্ধে- এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ। স্ববামে- এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালায় নমঃ।
স্বদক্ষিণে- এতে গন্ধপুষ্পে ওঁ বটুকায় নমঃ। অধঃ- এতে গন্ধপুষ্পে ওঁ যোগিনীভ্যো নমঃ।
ঈশানে- এতে গন্ধপুষ্পে ওঁ গঙ্গায়ৈ নমঃ। অগ্নিকোণে- এতে গন্ধপুষ্পে ওঁ যমুনায়ৈ নমঃ।
নৈর্ঋতে- এতে গন্ধপুষ্পে ওঁ লক্ষ্ম্যৈ নমঃ। বায়ুকোণে- এতে গন্ধপুষ্পে ওঁ সরস্বত্যৈ নমঃ।
মধ্যে- এতে গন্ধপুষ্পে ওঁ অস্ত্রায় নমঃ।

অশক্তপক্ষে--এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাগণেভ্যো নমঃ।

গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে-
এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তুপুরুষায় নমঃ।

বিঘ্নাপসারণঃ- "হ্রীঁ" মন্ত্রে দিব্যদৃষ্টিদ্বারা দিব্যবিঘ্ন, "ওঁ অস্ত্রায় ফট্" মন্ত্রে ঊর্দ্ধে জলের ছিটা দিয়া অন্তরীক্ষের বিঘ্ন এবং ভূমিতে বামপদের আঘাত দ্বারা ভূমিবিঘ্ন উৎসারণ করিবে।

মাষভক্তবলিঃ- ভূমিতে ত্রিকোনমণ্ডল অঙ্কিত করিয়া ভূতাদিগের আবাহন করিবে- ওঁ ভূতাদয়ঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহ তিষ্ঠত ইহ তিষ্ঠত, ইহ সন্নিধত্ত ইহ সন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম্ ইহ সন্নিরুধ্যধ্বম্, ইহ সম্মুখীভব ইহ সম্মুখীভব অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত।। কদলীপত্রে বা নূতন মৃৎপাত্রে মাষকলাই, দধি, আতপচাউল ও ঘৃত একত্রিত করিয়া ভূতগণের পঞ্চোপচারে পূজা করিবে-
গন্ধ- এষ গন্ধঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।
পুষ্প- এতৎ সচন্দনপুষ্পং ওঁ ভূতাদিভ্যো নমঃ
ধূপ- এষ ধূপঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।
দীপ- এষ দীপঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।
বলি- কুশত্রিপত্র দ্বারা বারত্রয় প্রোক্ষণ করিবে-
বং এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।
অতঃপর অর্চনা করিবে-
বলিতে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।
শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ।
মণ্ডলে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানেভ্যঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।
কুশোদক দ্বারা উৎসর্গ করিবে- এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।
কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে-ওঁ ভুতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে।
তে গৃহন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ।।
ওঁ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতা তথা।
দেশাদস্মাদ্ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতম্।।
অতঃপর জলগণ্ডুষ লইয়া "ওঁ ভূতাদয়ঃ ক্ষমধ্বম্" মন্ত্রে ভুতদিগের বিসর্জন দিবে।
আর্দ্রচাউল, চন্দন, শ্বেতসর্ষপ, ভস্ম, দূর্বা, কুশ ও যব (বা শুধু যব) একত্রিত করিয়া "ফট্" মন্ত্র সাতবার জপপূর্বক নারাচমুদ্রায় নিম্নোক্ত মন্ত্র পাঠ করিতে করিতে ছড়াইবে (ঘণ্টাবাদন করতঃ)-
ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্।।
ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ।।

আসনশুদ্ধিঃ- "আং" মন্ত্রে আসন পাতিয়া, আসনের নিম্নে ত্রিকোণমণ্ডল অঙ্কিত করিয়া পূজা করিবে- এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদিভ্যো নমঃ।
আসন স্পর্শ করিয়া পাঠ করিবে-
ওঁ আসনোপবেশনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্মো দেবতা, আসনোপবেশনে বিনিয়োগঃ।
কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-
ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বম্ বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যম্ পবিত্রম্ কুরু চাসনম্।।
আসনোপরি ত্রিকোণমণ্ডল অঙ্কিত করিয়া পূজা করিবে-হ্রীঁ এতে গন্ধপুষ্পে আধারশক্তিকমলাসনায় নমঃ।

গুরুপংক্তি নমস্কারঃ-করজোড়ে বামকর্ণোর্ধ্বে প্রণাম করিবে- ওঁ ঐঁ গুরুভ্যো নমঃ, (তদূর্ধ্বে)ওঁ ঐঁ পরমগুরুভ্যো নমঃ,(তদূর্ধ্বে) ওঁ ঐঁ পরাপরগুরুভ্যো নমঃ,(তদূর্ধ্বে) ওঁ ঐঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ। দক্ষিণকর্ণোর্ধ্বে- ওঁ গং গণেশায় নমঃ। উর্ধ্বে- ওঁ ব্রহ্মণে নমঃ। অধঃ- ওঁ অনন্তায় নমঃ। পৃষ্ঠে-ওঁ ক্ষেত্রপালায় নমঃ। মধ্যে- ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।

পুষ্পশুদ্ধিঃ- কুশত্রিপত্র দ্বারা পুষ্পাদি প্রোক্ষণ করিবে-ওঁ শতাভিষেক হুঁ ফট্ স্বাহা।
পুষ্পাদিস্পর্শ করিয়া পাঠ করিবে-

ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হুঁ ফট্ স্বাহা।।

অতঃপর উর্দ্ধোর্দ্ধতালত্রয় দিয়া তর্জনী-অঙ্গুলিযোগে "ওঁ অঃ ফট্" মন্ত্রে দশদিকে তুড়ি মারিয়া বন্ধন করিবে। নারাচমুদ্রা প্রদর্শন করিয়া পুষ্পনৈবেদ্যাদি "হ্রীঁ হুঁ ফট্" মন্ত্রে দিব্যদৃষ্টি দ্বারা অবলোকন করিবে। "রোম্" মন্ত্রে সচন্দন রক্তপুষ্প লইয়া "হৌং" মন্ত্রে উভয় করতলদ্বারা মর্দন করিবে। বামহস্তে পুষ্পটি লইয়া "ক্লীঁ" মন্ত্রে মস্তকের চতুর্দিকে ভ্রামিত করিয়া "ওঁ তৎ সৎ" মন্ত্রে ঘ্রাণ লইয়া "হৌং" মন্ত্রে নারাচমুদ্রায় ঈশানকোণে নিক্ষেপ করিবে।

করশুদ্ধিঃ- "রোম্" মন্ত্রে সচন্দন রক্তপুষ্প লইয়া "হৌং" মন্ত্রে উভয় করতলদ্বারা মর্দন করিবে। বামহস্তে পুষ্পটি লইয়া "ক্লীঁ" মন্ত্রে মস্তকের চতুর্দিকে ভ্রামিত করিয়া "ওঁ তৎ সৎ" মন্ত্রে ঘ্রাণ লইয়া "হৌং" মন্ত্রে নারাচমুদ্রায় ঈশানকোণে নিক্ষেপ করিবে।

দেবতা ও পূজাদ্রব্যশুদ্ধিঃ- "হ্রীঁ ফট্" মন্ত্রে দেবতা ও পূজাদ্রব্য বারত্রয় প্রোক্ষণ করিবে ও ধেনুমুদ্রা প্রদর্শন করিবে।

মন্ত্রশুদ্ধিঃ- নিম্নোক্ত মন্ত্রটি একবার জপ করিবে- অং হ্রীঁ অং, কং হ্রীঁ কং, চং হ্রীঁ চং, টং হ্রীঁ টং, তং হ্রীঁ তং, পং হ্রীঁ পং, যং হ্রীঁ যং, শং হ্রীঁ শং।

বহ্নিপ্রাকার ও দেহমার্জনাঃ- "রং" মন্ত্রে চতুর্দিকে জলধারা দিয়া বহ্নিপ্রাকার চিন্তা করিবে। "হ্রীঁ" মন্ত্র পাঠ করতঃ করদ্বয় দ্বারা নিজদেহ মার্জনা করিবে। হৃদয়ে হস্ত দিয়া পাঠ করিবে- ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা। ওঁ আং হুঁ ফট্ স্বাহা।

ভূতশুদ্ধিঃ- স্বকীয় হৃদয়ে হস্ত দিয়া পাঠ করিবে-
ওঁ মূলশৃঙ্গাটচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা।
ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা।
ওঁ রং সঙ্কোচশরীরং দহ দহ স্বাহা।
ওঁ পরমশিবসুষুম্নাপথেন মূলশৃঙ্গাটমুল্লাসোল্লাস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল সোহহং হংসঃ স্বাহা।।

মাতৃকান্যাসঃ- কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-
ওঁ অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্ম ঋষিঃ গায়ত্রীচ্ছন্দঃ মাতৃকাসরস্বতীদেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ঃ অব্যক্তং কীলকং সর্বাভীষ্টসিদ্ধয়ে বিনিয়োগঃ।
তত্ত্বমুদ্রায় নিম্নলিখিত স্থানগুলি স্পর্শ করিয়া ন্যাস করিবে-
শিরসি- ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ।
মুখে- ওঁ গায়ত্রী ছন্দসে নমঃ।
হৃদয়ে- ওঁ মাতৃকাসরস্বত্যৈ নমঃ।
গুহ্যে- ওঁ ব্যঞ্জনেভ্যোবীজেভ্যো নমঃ
পাদদ্বয়ে- ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ।
সর্বাঙ্গে- ওঁ অব্যক্তকীলকায় নমঃ।
অতঃপর করন্যাস করিবে-
অঙ্গুষ্ঠদ্বয় তর্জনীদ্বয় দ্বারা স্পর্শ করিবে- অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ।
তর্জনীদ্বয় অঙ্গুষ্ঠদ্বয় দ্বারা স্পর্শ করিবে- ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জনীভ্যাং স্বাহা।
মধ্যমাদ্বয় অঙ্গুষ্ঠদ্বয় দ্বারা স্পর্শ করিবে- উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্।
অনামাদ্বয় অঙ্গুষ্ঠদ্বয় দ্বারা স্পর্শ করিবে- এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুঁ।
কনিষ্ঠাদ্বয় অঙ্গুষ্ঠদ্বয় দ্বারা স্পর্শ করিবে- ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্।
দক্ষিণকরতলপৃষ্ঠ দ্বারা বাম করতলপৃষ্ঠ ও বামকরতলোপরি দক্ষিণ তর্জনী-মধ্যমা দ্বারা আঘাত- অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।
তত্ত্বমুদ্রায় অঙ্গন্যাস করিবে-
হৃদয়ে- অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ।
শিরে- ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা।

শিখা- উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্।

কবচদ্বয়- এং তং থং দং ধং নং ঐং কবচায় হুঁ।

নেত্রত্রয়ে- ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্।

দক্ষিণকরতলপৃষ্ঠ দ্বারা বাম করতলপৃষ্ঠ ও বামকরতলোপরি দক্ষিণ তর্জনী-মধ্যমা দ্বারা আঘাত- অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

অন্তর্মাতৃকান্যাসঃ- কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিবে-

ওঁ আধারে লিঙ্গনাভৌ হৃদয়সরসিজে তালুমূলে ললাটে, দ্বিপত্রে ষোড়শারে দ্বিদশ-দশদলে দ্বাদশার্দ্ধে চতুষ্কে।।
বাসান্তে বালমধ্যে ডফ-কঠ সহিতে কণ্ঠদেশে স্বরাণাং, হক্ষং তত্ত্বার্থযুক্তং সকলদলগতং বর্ণরূপাং নমামি।।

অতঃপর তত্ত্বমুদ্রায় নিম্নলিখিত স্থানসমূহে ন্যাস করিবে-

কণ্ঠে- অং নমঃ, আং নমঃ, ইং নমঃ, ঈং নমঃ, উং নমঃ, ঊং নমঃ, ঋং নমঃ, ৠং নমঃ, ঌং নমঃ, ৡং নমঃ, এং নমঃ, ঐং নমঃ, ওং নমঃ, ঔং নমঃ, অং নমঃ, আং নমঃ।

হৃদয়ে- কং নমঃ, খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ, ছং নমঃ, জং নমঃ, ঝং নমঃ, ঞং নমঃ, টং নমঃ, ঠং নমঃ।

নাভিদেশে- ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, থং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, পং নমঃ, ফং নমঃ।

লিঙ্গমূলে- বং নমঃ, ভং নমঃ, মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ।

মূলাধারে- বং নমঃ, শং নমঃ, ষং নমঃ, সং নমঃ।

ভ্রূমধ্যে- হং নমঃ, ক্ষং নমঃ।

বাহ্যমাতৃকান্যাসঃ- কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিবে-

ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্তমুখদোঃ পন্মধ্যবক্ষস্থলাং, ভাস্বন্মৌলিনিবদ্ধ চন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্।।
মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলশং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈঃ, বিভ্রাণাংবিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে।।

তত্ত্বমুদ্রায় ন্যাস করিবে-

ললাটে- অং নমঃ। মুখবৃত্তে- আং নমঃ। দক্ষিণচক্ষুতে- ইং নমঃ। বামচক্ষুতে- ঈং নমঃ। দক্ষিণকর্ণে- উং নমঃ। বামকর্ণে-ঊং নমঃ। দক্ষিণনাসাপুটে- ঋং নমঃ। বামনাসাপুটে- ৠং নমঃ। দক্ষিণগণ্ডে- ঌং নমঃ। বামগণ্ডে-ৡং নমঃ। ওষ্ঠে- এং নমঃ। অধরে- ঐং নমঃ। ঊর্দ্ধদন্তপংক্তিতে- ওং নমঃ। অধঃদন্তপংক্তিতে- ঔং নমঃ। ব্রহ্মরন্ধ্রে- অং নমঃ। মুখে- অঃ নমঃ। দক্ষিণবাহুমূলে-কং নমঃ। কূর্পরে- খং নমঃ। মণিবন্ধে- গং নমঃ। অঙ্গুলিমূলে- ঘং নমঃ। অঙ্গুল্যগ্রে- ঙং নমঃ। বামবাহুমূলে- চং নমঃ। কূর্পরে- ছং নমঃ। মণিবন্ধে- জং নমঃ। অঙ্গুলিমূলে- ঝং নমঃ। অঙ্গুল্যগ্রে- ঞং নমঃ। দক্ষিণপাদমূলে- টং নমঃ। জানুতে- ঠং নমঃ। গুল্‌ফে- ডং নমঃ। অঙ্গুলিমূলে- ঢং নমঃ। অঙ্গুল্যগ্রে- ণং নমঃ। বামপাদমূলে- তং নমঃ। জানুতে- থং নমঃ। গুল্‌ফে- দং নমঃ। অঙ্গুলিমূলে- ধং নমঃ। অঙ্গুল্যগ্রে- নং নমঃ। দক্ষিনপার্শ্বে- পং নমঃ। বামপার্শ্বে- ফং নমঃ। পৃষ্ঠে- বং নমঃ। নাভিতে- ভং নমঃ। উদরে- মং নমঃ। হৃদয়ে- যং নমঃ। দক্ষিনস্কন্ধে- রং নমঃ। ককুদি- লং নমঃ। বামস্কন্ধে- বং নমঃ। হৃদয়াদি-দক্ষিণবাহু অঙ্গুল্যগ্রে- শং নমঃ। হৃদয়াদি-বামবাহু অঙ্গুল্যগ্রে- ষং নমঃ। হৃদয়াদি-দক্ষিনপাদাঙ্গুল্যগ্রে- সং নমঃ। হৃদয়াদি-বামপাদাঙ্গুল্যগ্রে- হং নমঃ। হৃদয়াদি উদরে- লং নমঃ। হৃদয়াদি-মুখে- ক্ষং নমঃ।

সংহারমাতৃকান্যাসঃ- কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিবে-

ওঁ অক্ষস্রজং হরিণপোতমুদগ্রটঙ্কং
বিদ্যাং করৈরবিরতম্ দধতিং ত্রিনেত্রাম্।
অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দবাসাং
বর্ণেশ্বরীং প্রণমতঃ স্তনভারনম্রাম্।।

অতঃপর তত্ত্বমুদ্রায় বিপরীতক্রমে ন্যাস করিবে-

হৃদয়াদি-মুখে- ক্ষং নমঃ। হৃদয়াদি উদরে- লং নমঃ। হৃদয়াদি-বামপাদাঙ্গুল্যগ্রে- হং নমঃ। হৃদয়াদি-দক্ষিনপাদাঙ্গুল্যগ্রে- সং নমঃ। হৃদয়াদি-বামবাহু অঙ্গুল্যগ্রে- ষং নমঃ। হৃদয়াদি-দক্ষিণবাহু অঙ্গুল্যগ্রে- শং নমঃ। বামস্কন্ধে- বং নমঃ। ককুদি- লং নমঃ।

দক্ষিনস্কন্ধে- রং নমঃ। হৃদয়ে- যং নমঃ। উদরে- মং নমঃ। নাভিতে- ভং নমঃ। পৃষ্ঠে- বং নমঃ। বামপার্শ্বে- ফং নমঃ। দক্ষিনপার্শ্বে- পং নমঃ।

বামপাদাঙ্গুল্যগ্রে- নং নমঃ। অঙ্গুলিমূলে- ধং নমঃ। গুল্‌ফে- দং নমঃ। জানুতে- থং নমঃ। বামপাদমূলে- তং নমঃ।

দক্ষিণপাদাঙ্গুল্যগ্রে- ণং নমঃ। অঙ্গুলিমূলে- ঢং নমঃ। গুল্‌ফে- ডং নমঃ।জানুতে- ঠং নমঃ। দক্ষিণপাদমূলে- টং নমঃ।

বামবাহুঅঙ্গুল্যগ্রে- ঞং নমঃ। অঙ্গুলিমূলে- ঝং নমঃ। মণিবন্ধে- জং নমঃ।কূর্পরে- ছং নমঃ।বামবাহুমূলে- চং নমঃ।

দক্ষিণবাহুঅঙ্গুল্যগ্রে- ঙং নমঃ। অঙ্গুলিমূলে- ঘং নমঃ। মণিবন্ধে- গং নমঃ।কূর্পরে- খং নমঃ।দক্ষিণবাহুমূলে-কং নমঃ।

মুখে- অঃ নমঃ। ব্রহ্মরন্ধ্রে- অং নমঃ।অধঃদন্তপংক্তিতে- ঔং নমঃ। ঊর্ধ্বদন্তপংক্তিতে- ওং নমঃ। অধরে- ঐং নমঃ। ওষ্ঠে- এং নমঃ। বামগণ্ডে-ঌং নমঃ। দক্ষিণগণ্ডে- ঌং নমঃ। বামনাসাপুটে- ঋং নমঃ। দক্ষিণনাসাপুটে- ঋং নমঃ। বামকর্ণে-ঊং নমঃ। দক্ষিণকর্ণে- উং নমঃ। বামচক্ষুতে- ঈং নমঃ। দক্ষিণচক্ষুতে- ইং নমঃ। মুখবৃত্তে- আং নমঃ। ললাটে- অং নমঃ।

প্রাণায়মঃ- "হ্রীঁ" মন্ত্রে তিনবার প্রাণায়ম করিবে।

বেদীশোধনঃ- কুশোদক দ্বারা বেদীশোধন করিবে-

*ওঁ বেদ্যাঃ বেদী সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ম্। যূপেন যূপ আপ্যায়তাং প্রণিতোহগ্নিরগ্নিনা।।

ঘটস্থাপনম্ -- "ফট্" মন্ত্রে ঘটপ্রক্ষালনপূর্বক ঘটের পূজা করিবে- এতে গন্ধপুষ্পে ওঁ কুম্ভায় নমঃ। "ওঁ" মন্ত্রে ঘট ও পীঠের ঐকত্ব ভাবনা করিয়া ধান্যপুঞ্জোপরি বা পঞ্চশস্যোপরি স্থাপন করিবে। ঘটমধ্যে সর্বৌষধিমিশ্রিত শুদ্ধজল দ্বারা পূরণ করিবে। তদুপরি পঞ্চপল্লব/আম্রপল্লব, তদুপরি সশীষ ডাব ও দধি-অক্ষত দ্বারা লিপ্তপূর্বক সিন্দূর দ্বারা লেপন করিবে।

ত্রিরাবর্তরক্তসূত্রের দ্বারা অলক্তপত্র বাঁধিয়া ঘটগ্রীবায় বস্ত্র বাঁধিবে। ঘট বস্ত্রাচ্ছাদিত করিয়া পুষ্পাদি দ্বারা সাজাইয়া মন্ত্র দ্বারা শোধন করিবে-

কুশদ্বারা ভূমিস্পর্শ করিয়া- *ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী।

পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃগুঁহ, পৃথিবীং মাং হিগুঁসীঃ।।

ধান্যস্পর্শপূর্বকঃ- *ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞম্ ধিনুহি যজ্ঞপতিম্। ধিনুহি মাং যজ্ঞন্যম্।।

ঘটস্পর্শপূর্বকঃ- *ওঁ আ জিঘ্র কলশং মহ্যা ত্বাং বিশ্বন্ত্বিন্দবঃ।

পুনরূর্জা নিবর্তস্ব সা নঃ সহস্রং ধুক্ষোরুধারা পয়স্বতী, পুনর্মা বিশতাদ্রয়িঃ।।

জলস্পর্শপূর্বকঃ- *ওঁ বরুণস্যোত্তম্ভনমসি। বরুণস্যস্কম্ভসর্জনীস্থো বরুণস্য ঋতসদন্যসি। বরুণস্য ঋতসদনমসি, বরুণস্য ঋতসদনমাসীদ।

পল্লবস্পর্শপূর্বকঃ-*ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েম। ধনুঃ শত্রোরপকামং কৃণোতি, ধন্বনা সর্বাঃ প্রদিশো জয়েম।।

ফলস্পর্শপূর্বকঃ- *ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বগুঁহসঃ।।

বস্ত্রস্পর্শপূর্বকঃ- *ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আ গাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি, স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ।।

সিন্দূরস্পর্শপূর্বকঃ- *ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী, কাষ্ঠাভিন্দন্নুর্মিভিঃ পিন্বমানঃ।।

পুষ্পস্পর্শপূর্বকঃ- *ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যাবহোরাত্রে পার্শ্বে, নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ,সর্বলোকম্ম ইষাণ।।

স্থিরীকরণঃ- *ওঁ স্থিরো ভব বীড্বঙ্গ আশুর্ভব বাজ্যর্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নে পুরীষবাহনঃ।।

কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে- ওঁ সর্বতীর্থময়ং বারিং সর্বদেবসমন্বিতম্।

ইমং ঘটং সমারুহ্য তীষ্ঠ দেবি গণৈঃ সহ।।

কাণ্ডারোপণম্-- নিম্নোক্ত মন্ত্রপাঠপূর্বক তীরকাঠি আরোপণ করিবে-

*ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষস্পরি। এবা নো দূর্বে প্র তনু সহস্রেণ শতেন চ।।

সূত্রবেষ্টনম্-- মন্ত্রপাঠ তীরকাঠিগুলিতে সূত্রবেষ্টন করিবে-

*ওঁ সূত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং সুশর্মাণমদিতিং সুপ্রণীতিম্। দৈবীনাবং স্বরিত্রামনাগসমস্রবন্তী মা রুহেমা স্বস্তয়ে।।

বিতানশোধনঃ- পঞ্চগব্য দ্বারা নিম্নোক্ত মন্ত্রপাঠে বিতানশোধন করিবে-

*ওঁ ঊর্দ্ধ ঊ ষু ণ উতয়ে, তিষ্ঠা দেবো ন সবিতা। ঊর্দ্ধো বাজস্য সনিতা, যদঞ্জিভিঃ বাঘদ্ভির্বিহ্বয়ামহে।।

গণেশাদির পূজাঃ- (শালগ্রামে বা বাণেশ্বরে)

গণেশপূজাঃ- কূর্মমুদ্রায় সচন্দন রক্ত পুষ্প লইয়া ধ্যান করিবে-

ওঁ খর্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপ ব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরম্
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্।।

পুষ্পটি বাণেশ্বর বা শালগ্রাম উপরি দিয়া পঞ্চোপচারে গণেশের পূজা করিবে-

গং এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ

গং এতৎ সচন্দনপুষ্পং ওঁ গণেশায় নমঃ

গং এতৎ সচন্দনবিল্বপত্রম্ ওঁ গণেশায় নমঃ

গং এষ ধূপঃ ওঁ গণেশায় নমঃ

গং এষ দীপঃ ওঁ গণেশায় নমঃ

গং এতন্নৈবেদ্যম্ ওঁ গণেশায় নমঃ

পুষ্পাঞ্জলি প্রদান করিবে- গং এষ সচন্দনপুষ্পপত্রাঞ্জলিঃ ওঁ গণেশায় নমঃ।

প্রণাম করিবে-- ওঁ সর্ববিঘ্নহরো দেবো একদন্তং গজানন। দেবীগৃহেহর্চিতং প্রীত্যা সর্ববিঘ্নং বিনাশয়।।

ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননম্। বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্।।

ওঁ বক্রতুণ্ডং মহাকায়ং কোটীসূর্যসমপ্রভম্। অবিঘ্নং কুরু মে দেব সর্বকার্যেষু সর্বদা।।

সূর্যপূজাঃ-কূর্মমুদ্রায় সচন্দন রক্ত পুষ্প লইয়া ধ্যান করিবে-

ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুম্ ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়াবরান্ দধতং করাব্জৈঃ মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্।।

পুষ্পটি বাণেশ্বর বা শালগ্রাম উপরি দিয়া পঞ্চোপচারে সূর্যপূজা করিবে-

হ্রাং হ্রীঁ সঃ এষ গন্ধঃ ওঁ শ্রীসূর্যায় নমঃ

হ্রাং হ্রীঁ সঃ এতৎ সচন্দনপুষ্পং ওঁ শ্রীসূর্যায় নমঃ

হ্রাং হ্রীঁ সঃ এষ ধূপঃ ওঁ শ্রীসূর্যায় নমঃ

হ্রাং হ্রীঁ সঃ এষ দীপঃ ওঁ শ্রীসূর্যায় নমঃ

হ্রাং হ্রীঁ সঃ এতন্নৈবেদ্যম্ ওঁ শ্রীসূর্যায় নমঃ

পুষ্পাঞ্জলি প্রদান করিবে- হ্রাং হ্রীঁ সঃ এষ সচন্দনপুষ্পাঞ্জলিঃ ওঁ শ্রীসূর্যায় নমঃ।

প্রণাম করিবে- ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্।।

নারায়ণ পূজাঃ- নারায়ণশিলা ঘৃতদ্বারা ম্রক্ষণ করিয়া তাম্রকুণ্ড মধ্যে স্থাপন করিয়া বক্ষ্যমাণ মন্ত্রে শঙ্খোদক দ্বারা ঘন্টাবাদন করতঃ অভিষেক করাইবে-

*ওঁ সহস্রশীর্ষাঃ পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিগুঁ সর্বতো বৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্।।

*ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্।।

*ওঁ ইষে ত্বা উর্জে ত্বা বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু। শ্রেষ্ঠতমায় কর্মণে।।

*ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি।।

*ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ।।

*ওঁ নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি। তন্নো বিষ্ণু প্রচোদয়াৎ ওঁ।।

ওঁ নমো নারায়ণায় ইদম্ স্নানীয়োদকম্ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।।

ধৌতবস্ত্রদ্বারা শিলা শুষ্ক করিয়া উপরে একটি সচন্দনতুলসীপত্র উপুড় করিয়া ও একটি সচন্দনতুলসী নিম্নে চিৎ করিয়া আসনে স্থাপন করিয়া সচন্দন পুষ্প কূর্মমুদ্রায় লইয়া ধ্যান করিবে-

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্তী নারায়ণঃ সরসিজাসন সন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটিহারীঃ হিরন্ময়র্বপুর্ধৃতশঙ্খচক্রঃ।।

পুষ্পটি শালগ্রামোপরি দিয়া পূজা করিবে-

ওঁ নমো নারায়ণায় এষ গন্ধঃ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।

ওঁ নমো নারায়ণায় এতৎ সচন্দনপুষ্পং নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।

ওঁ নমো নারায়ণায় এতৎ সচন্দনতুলসীপত্রম্ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ, ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা।

ওঁ নমো নারায়ণায় এষ ধূপঃ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।

ওঁ নমো নারায়ণায় এষ দীপঃ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।

ওঁ নমো নারায়ণায় এতন্নৈবেদ্যম্ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।।

নৈবেদ্য উত্তোলন করিবে- ওঁ নিবেদয়ামি ভবতে জুষাণেদং হবির্হরে।

তত্ত্বমুদ্রা প্রদর্শন করিবে- হ্রৌঁ নমঃ পরায় অন্তরাত্মনে অনিরুদ্ধায় নৈবেদ্যং কল্পয়ামি।

পুষ্পাঞ্জলি প্রদান করিবে- ওঁ নমো নারায়ণায় এষ সচন্দনপুষ্পাঞ্জলিঃ নমো নারায়ণায় শ্রীবিষ্ণবে নমঃ।।

প্রণাম করিবে- নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।।

ওঁ ত্রৈলোক্যপূজিতঃ শ্রীমন্ সদাবিজয়বর্দ্ধনঃ। শান্তিং কুরু গদাপাণে নারায়ণ নমোহস্তুতে।।

শিবপূজাঃ- শিবলিঙ্গ বা বাণেশ্বর লিঙ্গ প্রথমে বিল্বপত্রোপরি রাখিয়া গঙ্গোদক দ্বারা স্নান করাইবে-

*ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
ঊর্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মাহমৃতাৎ।।

কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া ধ্যান করিবে-

ওঁ ধ্যায়েন্নিত্যম্ মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং
রত্নাকল্পোজ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্।।

পুষ্পটি বাণেশ্বর বা শিবোপরি দিয়া পূজা করিবে পঞ্চোপচারে-

ওঁ নমঃ শিবায় এষ গন্ধঃ শিবায় নমঃ

ওঁ নমঃ শিবায় এতৎ সচন্দনপুষ্পং শিবায় নমঃ

ওঁ নমঃ শিবায় এতৎ সচন্দনবিল্বপত্রম্ শিবায় নমঃ

ওঁ নমঃ শিবায় এষ ধূপঃ শিবায় নমঃ

ওঁ নমঃ শিবায় এষ দীপঃ শিবায় নমঃ

ওঁ নমঃ শিবায় এতন্নৈবেদ্যম্ শিবায় নমঃ

পুষ্পাঞ্জলি দিবে -ওঁ নমঃ শিবায় এষ সচন্দনপত্রপুষ্পাঞ্জলিঃ শিবায় নমঃ

প্রণাম করিবে-ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ।।

জয়দুর্গাপূজাঃ- কূর্মমুদ্রায় রক্তপুষ্পাদি লইয়া ধ্যান করিবে-

হ্রীঁ ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকূলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীম্
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ।।

পুষ্পটি বাণেশ্বরোপরি দিয়া পঞ্চোপচারে পূজা করিবে-

ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এষ গন্ধঃ জয়দুর্গায়ৈ নমঃ

ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এতৎ সচন্দনপুষ্পং জয়দুর্গায়ৈ নমঃ
ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এতৎ সচন্দনবিল্বপত্রম্ জয়দুর্গায়ৈ নমঃ
ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এষ ধূপঃ জয়দুর্গায়ৈ নমঃ
ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এষ দীপঃ জয়দুর্গায়ৈ নমঃ
ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এতন্নৈবেদ্যম্ জয়দুর্গায়ৈ নমঃ
পুষ্পাঞ্জলি দিবে-ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এষ সচন্দনপত্রপুষ্পাঞ্জলিঃ জয়দুর্গায়ৈ নমঃ।
প্রণাম করিবে- ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোহস্তুতে।।

বাণলিঙ্গপূজা- উপস্থিত থাকিলে অগ্রে ঘন্টবাদনকরতঃ স্নান করাইবে-

*ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। ঊর্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মাহমৃতাৎ।।
*ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ ওঁ।।
*ওঁ অঘোরেভ্যোহথঘোরেভ্যো ঘোরঘোরতরেভ্যঃ। সর্বেভ্যঃ সর্বশর্বেভ্যো নমস্তেহস্তু রুদ্ররূপেভ্যঃ।।
*ওঁ সদ্যোজাতং প্রপদ্যামি সদ্যোজাতায় বৈ নমঃ। ভবে ভবে নাতিভবে ভবস্ব মাম্, ভবোদ্ভবায় নমঃ।।
*ওঁ বামদেবায় নমো জ্যেষ্ঠায় নমঃ শ্রেষ্ঠায় নমো রুদ্রায় নমঃ কালায় নমঃ কলবিকরণায় নমো বলবিকরণায় নমো বলায় নমো বলপ্রমথনায় নমঃ সর্বভূতদমনায় নমো মনোন্মনায় নমঃ।।
*ওঁ ঈশানস্সর্ববিদ্যানাং ঈশ্বরঃ সর্বভূতানাম্ ব্রহ্মাহধিপতিঃ ব্রহ্মণোহধিপতিঃ ব্রহ্ম শিবো মে অস্তু সদা শিবোম্।।
ঐঁ ইদং স্নানীয়োদকম্ বাণেশ্বরশিবায় নমঃ।

কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া ধ্যান করিবে-

ঐঁ প্রমত্তং শক্তিসংযুতং বাণাখ্যঞ্চ মহাপ্রভম্। কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমম্।।
শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরম্। এবং ধ্যাত্বা বাণলিঙ্গং যজেত্তং পরমং শিবম্।।

পুষ্পটি বাণলিঙ্গোপরি দিয়া পঞ্চোপচারে পূজা করিবে-
ঐঁ এষ গন্ধঃ বাণেশ্বরশিবায় নমঃ।
ঐঁ এতৎ সচন্দনপুষ্পং বাণেশ্বরশিবায় নমঃ।
ঐঁ এতৎ সচন্দনবিল্বপত্রং বাণেশ্বরশিবায় নমঃ।
ঐঁ এষ ধূপঃ বাণেশ্বরশিবায় নমঃ।
ঐঁ এষ দীপঃ বাণেশ্বরশিবায় নমঃ
ঐঁ এতন্নৈবেদ্যং বাণেশ্বরশিবায় নমঃ।
পুষ্পাঞ্জলি দিবে- ঐঁ এষ সচন্দনপত্রপুষ্পাঞ্জলিঃ বাণেশ্বরশিবায় নমঃ।।
প্রণাম করিবে- ওঁ বাণেশ্বরায় নরকার্ণবতারণায় জ্ঞানপ্রদায় করুণাময়সাগরায়।
কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায় দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায়।।
গৌরীপীঠে পূজা করিবে- হ্রীঁ এতে গন্ধপুষ্পে ওঁ গৌর্যৈ নমঃ।।
বাণেশ্বরোপরি পূজা করিবে-
এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ
এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিকপালেভ্যো নমঃ
এতে গন্ধপুষ্পে ওঁ কাল্যাদিদশমহাবিদ্যাভ্যো নমঃ
এতে গন্ধপুষ্পে ওঁ মৎস্যাদিদশাবতারেভ্যো নমঃ
এতে গন্ধপুষ্পে ওঁ সর্বেভ্যো দেবেভ্যো নমঃ
এতে গন্ধপুষ্পে ওঁ সর্বাভ্যো দেবীভ্যো নমঃ

পীঠন্যাসঃ- তত্ত্বমুদ্রায় ন্যাস করিবে

হৃদয়ে- ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, ওঁ শ্বেতদ্বীপায় নমঃ, ওঁ মণিমণ্ডপায় নমঃ, ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ মণিবেদিকায়ৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ।

দক্ষিণাংসে- ওঁ ধর্মায় নমঃ। বামাংসে- ওঁ জ্ঞানায় নমঃ। বামোরুমূলে- ওঁ বৈরাগ্যায় নমঃ। দক্ষিণোরুমূলে-ওঁ ঐশ্বর্যায় নমঃ। মুখে- ওঁ অধর্মায় নমঃ। বামপার্শ্বে- ওঁ অজ্ঞানায় নমঃ। নাভিতে- ওঁ অবৈরাগ্যায় নমঃ। দক্ষিণপার্শ্বে- ওঁ অনৈশ্বর্যায় নমঃ। পুনর্হৃদয়ে- ওঁ অনন্তায় নমঃ,ওঁ পদ্মায় নমঃ, ওঁ আনন্দকন্দায় নমঃ, ওঁ সম্বিন্নালায় নমঃ, ওঁ সর্বতত্ত্বাত্মকপদ্মায় নমঃ, ওঁ প্রকৃতিময়পত্রেভ্যো নমঃ, ওঁ বিকারময়কেশরেভ্যো নমঃ, ওঁ পঞ্চাশদ্বিজাঢ্যকর্ণিকায়ৈ নমঃ, ওঁ অং সূর্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, ওঁ সং সত্ত্বায় নমঃ, ওঁ রং রজসে নমঃ, ওঁ তং তমসে নমঃ, ওঁ আং আত্মনে নমঃ, ওঁ অং অন্তরাত্মনে নমঃ, ওঁ পং পরমাত্মনে নমঃ, ওঁ হ্রীঁ জ্ঞানাত্মনে নমঃ, ওঁ যোগপীঠায় নমঃ, ওঁ গুরুপাদায় নমঃ, ওঁ শাবাদ্যাসনেভ্যঃ নমঃ, ওঁ ব্রহ্মাণ্ডায় নমঃ, ওঁ স্বর্ণডিম্বায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ মহেশ্বরায় নমঃ, ওঁ সপ্তসাগরেভ্যঃ নমঃ, ওঁ স্বর্ণদ্বীপায় নমঃ, ওঁ রত্নোজ্জ্বলিতমণিমণ্ডপায় নমঃ, ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ রত্নবেদিকায়ৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ।

হৃৎপদ্মে-র পূর্বাদি অষ্টকেশরে- আং প্রভায়ৈ নমঃ, ঈং মায়ায়ৈ নমঃ, ঊং জয়ায়ৈ নমঃ, এং সূক্ষ্মায়ৈ নমঃ, ঐং বিশুদ্ধায়ৈ নমঃ, ওং নন্দিন্যৈ নমঃ, ঔং সুপ্রভায়ৈ নমঃ, অঃ বিজয়ায়ৈ নমঃ।

মধ্যে- অঃ সর্বসিদ্ধিদায়ৈ নমঃ

তদুপরি- ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুঁ ফট্ নমঃ।

ঋষ্যাদিন্যাসঃ- করজোড়ে পাঠ করিবে- "ওঁ অস্য শ্রীদুর্গামন্ত্রস্য নারদঋষিঃ গায়ত্রীচ্ছন্দঃ শ্রীদুর্গাদেবতা মম সর্বাভীষ্টসিদ্ধ্যর্থং শ্রীদুর্গাপূজায়াং বিনিয়োগঃ"।

তত্ত্বমুদ্রায় ন্যাস করিবে-

শিরসি-ওঁ নারদঋষয়ে নমঃ।

মুখে- ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ।

হৃদয়ে- ওঁ শ্রীদুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ।

অতঃপর করন্যাস করিবে-

হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রীং তর্জনীভ্যাং স্বাহা, হ্রূং মধ্যমাভ্যাং বষট্, হ্রৈং অনামিকাভ্যাং হুং, হ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, হ্রঃ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস করিবে-

হ্রাং হৃদয়ায় নমঃ, হ্রীং শিরসে স্বাহা, হ্রূং শিখায়ৈ বষট্, হ্রৈং কবচায় হুং, হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, হ্রঃ অস্ত্রায় ফট্।

নিম্নোক্ত মন্ত্রে পাঁচবার ব্যাপকন্যাস করিবে-

ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।।

ধ্যানমঃ- পুষ্পাদি কূর্মমুদ্রায় লইয়া হৃদয়সন্নিধানে ধ্যান করিবে-

হ্রীঁ ওঁ জটাজূটসমাযুক্তাং অর্দ্ধেন্দুকৃতশেখরাম্। লোচনত্রয়সংযুক্তাং পূর্ণেন্দুসদৃশাননাম্।।
তপ্তকাঞ্চনবর্ণাভাং সুপ্রতিষ্ঠাং সুলোচনাম্। নবযৌবনসম্পন্নাং সর্বাভরণভূষিতাম্।।
সুচারুদশনাং তীক্ষ্ণাং পীনোন্নতপয়োধরাম্। ত্রিভঙ্গস্থানসংস্থানাং মহিষাসুরমর্দিনীম্।।
মৃণালায়তসংস্পর্শ দশবাহুসমন্বিতাম্। ত্রিশূলং দক্ষিণে ধ্যেয়ং খড়্গাং চক্রং ক্রমাদধঃ।।
তীক্ষ্ণবানং তথা শক্তিং বাহুসঙ্ঘেষুসঙ্গতম্। খেটকং পূর্ণচাপঞ্চ পাশমঙ্কুশমুর্দ্ধতঃ।।
ঘন্টাং বা পরশুং বাপি বামেহধঃ প্রতিযোজয়েৎ। অধস্তান্মহিষং তদ্বদ বিশিরস্কং প্রদর্শয়েৎ।।
শিরশ্ছেদোদ্ভবং তদ্বদ দানবং খড়্গাপাণিনম্। হৃদি শূলেন নির্ভিন্নং নির্যদন্ত্র বিভূষিতম্।।
রক্তরক্তীকৃতাঙ্গঞ্চ রক্তবিস্ফূরিতেক্ষণম্। বেষ্টিতং নাগপাশেন ভৃকুটীকুটিলাননাম্।।
সপাশবামহস্তেন ধৃতকেশঞ্চ দুর্গয়া। বমদ্রুধিরবক্ত্রঞ্চ দেব্যাঃ সিংহং প্রদর্শয়েৎ।।
দেব্যাস্তু দক্ষিণং পাদং সমং সিংহোপরিস্থিতম্। কিঞ্চিদূর্দ্ধং তথা বামমঙ্গুষ্ঠং মহিষোপরি।।
স্তূয়মানঞ্চ তদ্রূপমমরৈঃ সন্নিবেশয়েৎ। উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা।।
চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা। আভিঃ শক্তিভিরষ্টাভিঃ সততং পরিবেষ্টিতম্।।
চিন্তয়েৎ সততং দেবীং ধর্মকামার্থমোক্ষদাম্।।

মানসপূজনমঃ- পুষ্পটি নিজ মস্তোপরি "ওঁ নমঃ ফট্" মন্ত্রে রাখিয়া নিজেকে ও পূজোপকরণাদি দেবীরূপা ভাবনা করিয়া নিম্নোক্ত মন্ত্রপাঠে মানসপূজা করিবে-

ওঁ অহং দেবোহথ নৈবেদ্যং গন্ধপুষ্পাদিকঞ্চ যৎ। দেবাধারো হ্যহং দেবো দেবং দেবায় যোজয়েৎ।।
ওঁ হৃৎপদ্মং আসনং দদ্যাৎ সহস্রারচ্যুতামৃতৈঃ। পাদ্যং চরণয়োর্দদ্যাৎ মনস্ত্বর্ঘ্যং নিবেদয়েৎ।।
তেনামৃতেনাচমনীয়ং স্নানীয়ং তেন চ স্মৃতম্। আকাশতত্ত্বং বস্ত্রং স্যাদ্ গন্ধঃ স্যাৎ গন্ধতত্ত্বকম্।।
চিত্তং প্রকল্পয়েৎ পুষ্পং ধূপং প্রাণান্ প্রকল্পয়েৎ। তেজস্তত্ত্বঞ্চ দীপার্থং নৈবেদ্যং স্যাৎ সুধাম্বুধিঃ।।
অনাহতধ্বনির্ঘন্টা বায়ুতত্ত্বঞ্চ চামরম্। সহস্রারং ভবেচ্ছত্রং শব্দতত্ত্বঞ্চ গীতকম্।।
নৃত্যমিন্দ্রিয়কর্মাণি চাঞ্চল্যম্ মনসস্তথা। সুমেখলাং পদ্মমালাং পুষ্পং নানাবিধং তথা।।
অমায়াদ্যৈর্ভাবপুষ্পৈঃ অর্চয়েৎ ভাবগোচরাম্। অমায়মনহঙ্কারম্ অরাগম্ অমদম্ তথা।।
অমোহকম্ অদম্ভঞ্চ অদ্বেষাক্ষোভকৌ তথা। অমাৎসর্যমলোভঞ্চ দশপুষ্পং বিধুর্বুধাঃ।।
অহিংসা পরমং পুষ্পং পুষ্পমিন্দ্রিয়গ্রহঃ। দয়াপুষ্পং ক্ষমাপুষ্পং জ্ঞানপুষ্পঞ্চ পঞ্চমম্।।
ইতি পঞ্চদশৈর্ভাবপুষ্পৈঃ সম্পূজয়েৎ শিবাম্।।

বিশেষার্ঘ্যস্থাপনঃ- সামান্যার্ঘ্যের পার্শ্বে নিজবামে একটি অধোমুখ ত্রিকোণ, তদ্বাহ্যে একটি বৃত্ত ও তদ্বাহ্যে একটি চতুষ্কোণ অঙ্কিত করিয়া তদুপরি পূজা করিবে- "এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদিভ্যো নমঃ"। তদুপরি ত্রিপদিকা স্থাপন করিয়া ত্রিপদিকায় পূজা করিবে- "এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ"। "ফট্" মন্ত্রে শঙ্খ বা অর্ঘ্যপাত্র প্রক্ষালণপূর্বক ত্রিপদিকোপরি স্থাপন করিবে। অর্ঘ্যপাত্রে পূজা করিবে- "এতে গন্ধপুষ্পে ওঁ অং সূর্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ"। অতঃপর শঙ্খে (বা অর্ঘ্যপাত্রে) "ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে ত্রিভাগপূরণ করিবে। তদুপরি অষ্টাঙ্গ অর্ঘ্য (গন্ধপুষ্প, দূর্বা, অক্ষত, যব, সাগ্রকুশ, তিল, শ্বেতসর্ষপ ও তণ্ডুল) রচনা করিয়া জলে পূজা করিবে-"এতে গন্ধপুষ্পে ওঁ উঁ সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ"। অতঃপর জলে অঙ্কুশমুদ্রায় তীর্থাবাহন করিবে-

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরী সরস্বতী। নর্মদে সিন্ধু কাবেরী জলেহস্মিন্ সন্নিধিং কুরু।।
স্বর্ণরেখে কনখলে পারিভদ্রেচ গণ্ডকি। শ্বেতগঙ্গে চন্দ্ররেখে পম্পে চম্পে চ গোমতি।।
পদ্মাবতীতি পর্ণাশে বিপাশে বিরজে শুভে। শতহ্রদে মন্দাকিনী জলেহস্মিন্ সন্নিধিং কুরু।।

জলে পূজা করিবে- "এতে গন্ধপুষ্পে ওঁ তীর্থেভ্যো নমঃ"। শঙ্খোপরি "হুঁ" মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন, "বষট্" মন্ত্রে গালিনীমুদ্রা প্রদর্শন করিয়া "বৌষট্" মন্ত্রে জলবীক্ষণ করিবে। অতঃপর জলে দেবী-র ষড়ঙ্গন্যাস করিবে-"হ্রাং হৃদয়ায় নমঃ, হ্রীং শিরসে স্বাহা, হ্রূং শিখায়ৈ বষট, হ্রৈং কবচায় হুং, হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, হ্রঃ অস্ত্রায় ফট্"।
জলে দেবী-র আবাহন করিবে- ওঁ ভগবতী দুর্গে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব ইহ সন্নিরুধ্যস্ব ইহ সন্নিহিতা ভব ইহ সন্নিহিতা ভব, অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।
জলে দেবী-র আবির্ভাব কল্পনা করিয়া জলে পূজা করিবে- "এতে গন্ধপুষ্পে ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ"।
শঙ্খোপরি মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন করিয়া মূলমন্ত্র "হ্রীঁ" তদুপরি আটবার জপ করিবে। "বং" মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন করিবে ও অমৃতীকরণ ভাবনা করিয়া পরমীকরণ ও যোনীমুদ্রা প্রদর্শনকরতঃ ঊর্দ্ধোর্দ্ধ তালত্রয় দিয়া শঙ্খ কাৎ করিয়া কিঞ্চিৎ কোশায় ফেলিয়া ও কিঞ্চিৎ জল নিজমস্তকোপরি ও মূলমন্ত্রে পূজোপকরণাদিতে তিনবার প্রোক্ষণ করিবে। এইরূপ অপর একটি বিশেষার্ঘ্যস্থাপন করিবে।

পীঠপূজাঃ- ঘটস্থাপনার পূর্বে পঞ্চবর্ণগুঁড়ি দ্বারা নির্মিত অষ্টদল পদ্মে প্রথমে পূজা করিবে- "এতে গন্ধপুষ্পে ওঁ মণ্ডলায় নমঃ"। মণ্ডলে-র উত্তর দ্বারে পূজা করিবে- এতে গন্ধপুষ্পে ওঁ ভৃঙ্গিনে নমঃ। পশ্চিমদ্বারে পূজা করিবে- এতে গন্ধপুষ্পে ওঁ নন্দিনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ হনুমতে নমঃ। সম্মুখদ্বারে পূজা করিবে- গং এতে গন্ধপুষ্পে ওঁ গণপতয়ে নমঃ। দক্ষিণদ্বারে পূজা করিবে- এতে গন্ধপুষ্পে ওঁ মহাকালায় নমঃ।
কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া যোগপীঠে-র ধ্যান করিবে-

ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং চতুষ্কোণং চতুর্বৃতিম্। আধারশক্ত্যাবিহিতং প্রগ্রহং সূর্যসন্নিভম্।।

আগ্নেয়াদিষু কোণেষু চতুর্ষু ক্রমতঃ স্থিতম্। ধর্মো জ্ঞানং তথৈশ্বর্যং বৈরাগ্যং ক্রমতঃ সদা।।
পূর্বাদিদিক্ষু চৈতানি স্থিতানি ক্রমশো যথা। অধর্মশ্চ তথাজ্ঞানমনৈশ্বর্যং তথা পরম্।।
অবৈরাগ্যং তথা তস্মাদ্ধারণার্থং ব্যবস্থিতম্। তস্যোপরি জলৌঘস্তু তস্মিন্ ব্রহ্মাণ্ডমাস্থিতম্।।
ব্রহ্মাণ্ডমভ্যন্তরে তোয়ং কূর্মতস্যোপরি স্থিতঃ। কূর্মোপরি তথানন্তঃ পৃথ্বী তস্যোপরি স্থিতা।।
অনন্তগাত্রসংযুক্তং নালং পাতালগোচরম্। পৃথ্বীমধ্যে স্থিতং পদ্মং দিকপত্রং গিরিকেশরম্।।
তস্যাষ্টদিক্ষু দিক্পালাঃ স্বর্গো মধ্যে ব্যবস্থিতঃ। কর্ণিকায়াং ব্রহ্মলোকা মহর্লোকাদয়ো হ্যধঃ।।
স্বর্গে জ্যোতিংষি দেবাশ্চ চতুর্বেদাস্তদন্তরে। সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।।
সদা স্থিতাঃ পদ্মমধ্যে পরং তত্ত্বং তথৈব চ। আত্মতত্ত্বং তত্র সংস্থম্ ঊর্দ্ধচ্ছদনমূর্দ্ধতঃ।।
অধোহধশ্ছদনং তত্র কেশরাগ্রে স্থিতং পুনঃ। সূর্যাগ্নিচন্দ্রমরুতাং মণ্ডলানি ক্রমাত্ততঃ।।
শবাসনং যোগপীঠে সুখাসনমতঃ পরে। আরাধ্যাসনমস্মাচ্চ ততশ্চ বিমলাসনম্।।
মধ্যে বিচিন্তয়েৎ সর্বং জগদ্বৈ সচরাচরম্। ব্রহ্মবিষ্ণুশিবাংশ্চৈব ভাগত্রয়বিনিশ্চিতান্।।
আত্মানং চিন্তয়েত্তত্র পূজনে সমুপস্থিতম্।।

পীঠদেবতাদের আবাহন করিবে- ওঁ পীঠদেবতাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহ তিষ্ঠত ইহ তিষ্ঠত, ইহ সন্নিধত্ত ইহ সন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম্ ইহ সন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত।।

অতঃপর পীঠমধ্যে পূজা করিবে-

এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ কূর্মায় নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ শ্বেতদ্বীপায় নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ মণিমণ্ডপায় নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ কল্পবৃক্ষায় নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ মণিবেদিকায়ৈ নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ রত্নসিংহাসনায় নমঃ। অগ্নিকোণে-এতে গন্ধপুষ্পে ওঁ ধর্মায় নমঃ।নৈর্ঋতে- এতে গন্ধপুষ্পে ওঁ জ্ঞানায় নমঃ। বায়ুকোণে--এতে গন্ধপুষ্পে ওঁ বৈরাগ্যায় নমঃ। ঈশানকোণে-এতে গন্ধপুষ্পে ওঁ ঐশ্বর্যায় নমঃ। পূর্বে-এতে গন্ধপুষ্পে ওঁ অধর্মায় নমঃ। দক্ষিণে-এতে গন্ধপুষ্পে ওঁ অজ্ঞানায় নমঃ। পশ্চিমে-এতে গন্ধপুষ্পে ওঁ অবৈরাগ্যায় নমঃ। উত্তরে-এতে গন্ধপুষ্পে ওঁ অনৈশ্বর্যায় নমঃ।

পুনরায় পীঠমধ্যে-এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ পদ্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আনন্দকন্দায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সম্বিন্নালায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্বতত্ত্বাত্মকপদ্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ প্রকৃতিময়পত্রেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ বিকারময়কেশরেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পঞ্চাশদ্বিজাঢ্যকর্ণিকায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অং সূর্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ সং সত্ত্বায় নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ রং রজসে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ তং তমসে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ আং আত্মনে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ অং অন্তরাত্মনে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ পং পরমাত্মনে নমঃ,এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীঁ জ্ঞানাত্মনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ যোগপীঠায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ গুরুপাদায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ শাবাদ্যাসনেভ্যঃ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মাণ্ডায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ স্বর্ণডিম্বায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ মহেশ্বরায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সপ্তসাগরেভ্যঃ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ স্বর্ণদ্বীপায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ রত্নোজ্জ্বলিতমণিমণ্ডপায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ কল্পবৃক্ষায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ রত্নবেদিকায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ রত্নসিংহাসনায় নমঃ।

পূর্বাদি অষ্টকেশরে পূজা করিবে-

পূর্বে- ওঁ এতে গন্ধপুষ্পে আং প্রভায়ৈ নমঃ। অগ্নিকোণে-ওঁ এতে গন্ধপুষ্পে ঈং মায়ায়ৈ নমঃ
দক্ষিণে- ওঁ এতে গন্ধপুষ্পে ঊং জয়ায়ৈ নমঃ। নৈর্ঋতে- ওঁ এতে গন্ধপুষ্পে এং সূক্ষ্মায়ৈ নমঃ
পশ্চিমে- ওঁ এতে গন্ধপুষ্পে ঐং বিশুদ্ধায়ৈ নমঃ। বায়ুকোণে- ওঁ এতে গন্ধপুষ্পে ওং নন্দিন্যৈ নমঃ
উত্তরে- ওঁ এতে গন্ধপুষ্পে ঔং সুপ্রভায়ৈ নমঃ। ঈশানকোণে= ওঁ এতে গন্ধপুষ্পে অঃ বিজয়ায়ৈ নমঃ।
পীঠমধ্যে- ওঁ এতে গন্ধপুষ্পে অঃ সর্বসিদ্ধিদায়ৈ নমঃ।
তদুপরি- এতে গন্ধপুষ্পে ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুঁ ফট্ নমঃ।

করাঙ্গন্যাসঃ- পুনরায় পূর্ববৎ ন্যাস করিবে-

হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রীং তর্জনীভ্যাং স্বাহা, হ্রূং মধ্যমাভ্যাং বষট্, হ্রৈং অনামিকাভ্যাং হুং, হ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, হ্রঃ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস করিবে-

হ্রাং হৃদয়ায় নমঃ, হ্রীং শিরসে স্বাহা, হ্রূং শিখায়ৈ বষট্, হ্রৈং কবচায় হুং, হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, হ্রঃ অস্ত্রায় ফট্।

ধ্যানমঃ- পুষ্পাদি কূর্মমুদ্রায় লইয়া হৃদয়সন্নিধানে পুনরায় ধ্যান করিবে-

হ্রীঁ ওঁ জটাজূটসমাযুক্তাং অর্দ্ধেন্দুকৃতশেখরাম্। লোচনত্রয়সংযুক্তাং পূর্ণেন্দুসদৃশাননাম্।।
তপ্তকাঞ্চনবর্ণাভাং সুপ্রতিষ্ঠাং সুলোচনাম্। নবযৌবনসম্পন্নাং সর্বাভরণভূষিতাম্।।
সুচারুদশনাং তীক্ষ্ণাং পীনোন্নতপয়োধরাম্। ত্রিভঙ্গস্থানসংস্থানাং মহিষাসুরমর্দিনীম্।।
মৃণালায়তসংস্পর্শ দশবাহুসমন্বিতাম্। ত্রিশূলং দক্ষিণে ধ্যেয়ং খড়্গাং চক্রং ক্রমাদধঃ।।
তীক্ষ্ণবানং তথা শক্তিং বাহুসঙ্ঘেষুসঙ্গতম্। খেটকং পূর্ণচাপঞ্চ পাশমঙ্কুশমুর্দ্ধতঃ।।
ঘন্টাং বা পরশুং বাপি বামেহধঃ প্রতিযোজয়েৎ। অধস্তান্মহিষং তদ্বদ বিশিরস্কং প্রদর্শয়েৎ।।
শিরশ্ছেদোদ্ভবং তদ্বদ দানবং খড়্গপাণিনম্। হৃদি শূলেন নির্ভিন্নং নির্যদন্ত্র বিভূষিতম্।।
রক্তরক্তীকৃতাঙ্গঞ্চ রক্তবিস্ফূরিতেক্ষণম্। বেষ্টিতং নাগপাশেন ভৃকুটীকুটিলাননাম্।।
সপাশবামহস্তেন ধৃতকেশঞ্চ দুর্গয়া। বমদ্রুধিরবক্ত্রঞ্চ দেব্যাঃ সিংহং প্রদর্শয়েৎ।।
দেব্যাস্তু দক্ষিণং পাদং সমং সিংহোপরিস্থিতম্। কিঞ্চিদূর্দ্ধং তথা বামমঙ্গুষ্ঠং মহিষোপরি।।
স্তুয়মানঞ্চ তদ্রূপমমরৈঃ সন্নিবেশয়েৎ। উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা।।
চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা। আভিঃ শক্তিভিরষ্টাভিঃ সততং পরিবেষ্টিতম্।।
চিন্তয়েৎ সততং দেবীং ধর্মকামার্থমোক্ষদাম্।।

দেবী-র নেত্রবীজ "ঐঁ হ্রীঁ শ্রীঁ" উচ্চারণপূর্বক নাসাপুটথেকে নির্গতবায়ু দেবী-র তেজসম্ভূতা কল্পনা করিয়া সেই পুষ্পাদি ঘটোপরি স্থাপন করিয়া দেবী- আবির্ভাব ও প্রবেশ কল্পনা করিবে।

আবাহনঃ- আবাহন্যাদি পঞ্চমুদ্রায় দেবী-র আবাহন করিবে-

ওঁ হ্রীঁ ভূঃ ভুবঃ স্বঃ ভগবতীদুর্গেদেবি পরিবারগণসহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুদ্ধ ইহ সন্নিরুদ্ধ, ইহ সন্নিহিতা ভব ইহ সন্নিহিতা ভব, অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।।

অতঃপর "হুঁ" মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন, "বং" মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন, মূলমন্ত্রে তিনবার প্রোক্ষণপূর্বক পরমীকরণমুদ্রা দেখাইবে। অতঃপর কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে

ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পুজয়িষ্যামি তাবত্ত্বাং সুস্থিরা ভব।।

ষোড়শোপচার পূজাঃ- অতঃপর দেবী-র ষোড়শোপচারে পূজা করিবে।

আসন- তাম্রপাত্রে রজতনির্মিত চতুরঙ্গুলি পরিমীত আসন পঞ্চপুষ্পসহ স্থাপন করিবে। প্রথমে বারত্রয় প্রোক্ষণ করিবে- "বং এতস্মৈ রজতাসনায় নমঃ"।

অতঃপর অর্চনা করিবে-

আসনে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ রজতাসনায় নমঃ।

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।

অতঃপর কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে-

ওঁ আসনং গৃহ্ন চার্বঙ্গী চণ্ডিকে সর্বমঙ্গলে। আসনং সর্বকার্যেষু প্রশস্তং ব্রহ্মনির্মিতম্।।

অতঃপর অর্ঘ্যজলবিন্দুদ্বারা আসন উৎসর্গ করিবে- ইদং রজতাসনং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।।-- আসনটি দেবী-র বামে রাখিবে।

স্বাগত- ষড়পুষ্প গ্রহণ করিয়া স্বাগত প্রশ্ন করিবে-ওঁ দুর্গে দেবি স্বাগতং তে? অতঃপর প্রতিবচন বলিবে-

ওঁ কৃতার্থোহনুগৃহীতোহস্মি সফলং জীবিতং মম। আগতাসি যতো দুর্গে মাহেশ্বরী মদাশ্রমম্।
ওঁ ভগবতি দুর্গে দেবি ইহ স্বাগতম্ সু-স্বাগতম্।।

পাদ্যঃ- তাম্র-পিত্তল্লাত্রে জল,শ্যামাক ধান,দূর্বা,গন্ধপুষ্পাদি প্রদান করিয়া বারত্রয় প্রোক্ষণ করিবে- "বং এতস্মৈ পাদ্যায় নমঃ"। অতঃপর অর্চনা করিবে-

পাদ্যে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ পাদ্যায় নমঃ।

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।

কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ পাদ্যং গৃহ্ন মহাদেবি সর্বদুঃখাপহারিণী। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে।।

অতঃপর পাদ্য অর্পণ করিবে- এতৎ পাদ্যং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ।

অর্ঘ্য—অষ্টাঙ্গ অর্ঘ্য নির্মাণ করিয়া তিনবার প্রোক্ষণ করিবে- "বং এতস্মৈ অর্ঘ্যায় নমঃ" ও অর্চনা করিবে-

অর্ঘ্যে- এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ অর্ঘ্যায় নমঃ।

শালগ্রামে- এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তাম্রকুণ্ডে- এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ দুর্গায়ৈ নমঃ।

কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে-

ওঁ দূর্বাক্ষতসমাযুক্তম্ বিল্বপত্রং তথাপরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং মহেশ্বরী।।

অর্ঘ্যটি উৎসর্গ করিবে- এষোহর্ঘ্যঃ ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটীপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীঁ ওঁ দুর্গায়ৈ স্বাহা।।

আচমনীয়—জায়ফল, লবঙ্গ, এলাচ-এর ক্বাথমিশ্রিতজল আচমনস্বরূপ প্রস্তুত করিয়া তিনবার প্রোক্ষণ করিবে- "বং এতস্মৈ আচমনীয়োদকায় নমঃ"। অর্চনা করিবে-

